গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০২৬. ২০১২-

তারিখঃ ২০ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
০৩ এপ্রিল ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ অফিসিয়াল পাসপোর্ট ইস্যু সংক্রান্ত।

সূত্রঃ ৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১-৭৬৬ তারিখঃ ১৪/০৩/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটি এতদসংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক অফিসিয়াল পাসপোর্ট ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৭.০০.০০.০০১.২০১২-৫৬৮

তারিখ: ১৯ এপ্রিল, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক অফিসিয়াল পাসপোর্ট ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড.জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সিচিব
ফোন : ৯৫৬২২৪৭

০১. চেয়ারম্যান (সকল), ...উপজেলা পরিষদ,..................জেলা।
০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল),........................উপজেলা,................জেলা।

অনুলিপি(জ্ঞাতার্থে):
০১. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-১

স্মারক নং-৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১.৭৬৬

তারিখ: ১০ চৈত্র, ১৪২২
২৪ মার্চ, ২০১৬

পরিপত্র

বিষয় : **অফিসিয়াল পাসপোর্ট ইস্যু প্রসঙ্গে।**

সরকারী কাজে বিদেশ ভ্রমণসহ অন্যান্য প্রয়োজনে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হয়। বর্তমানে অফিসিয়াল পাসপোর্টের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ইতঃপূর্বে এ সংক্রান্ত জারীকৃত পরিপত্র/আদেশ নিম্নরূপভাবে সমন্বিত আকারে জারী করা হলোঃ

ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষ হতে প্রকাশিত "সরকারী সংস্থাসমূহের নাম ও যোগাযোগের ঠিকানা-২০১৬" শীর্ষক পুস্তকে যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন-এর নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ রয়েছে সে সকল দপ্তরে কর্মরত রাজস্বখাতভুক্ত সরকারী কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে সরকারী আদেশের (GO) ভিত্তিতে সরকারী কাজে বিনা ফি'তে এবং চিকিৎসা, পবিত্র হজ্ব পালন, তীর্থস্থান ভ্রমণের ক্ষেত্রে সরকারী আদেশের (GO) ভিত্তিতে ফি গ্রহণ সাপেক্ষে অফিসিয়াল (Official) পাসপোর্ট প্রদান করা হবে। অন্যান্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) এর ভিত্তিতে ফি প্রদান সাপেক্ষে সাধারণ (Ordinary) পাসপোর্ট ইস্যু করা হবে।

খ) প্রকল্পে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যারা উন্নয়ন খাত হতে বেতন ভাতা উত্তোলন করেন তাদের অনুকূলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) এর ভিত্তিতে সাধারণ ফি গ্রহণ সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে। তবে সরকারী কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারী আদেশের (GO) ভিত্তিতে বিনা ফি'তে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

গ) সাধারণভাবে অফিসিয়াল পাসপোর্টের মেয়াদ ০৫ (পাঁচ) বছর হবে। তবে, নির্ধারিত ০৫ (পাঁচ) বছরের পূর্বে যদি আবেদনকারী সরকারী কর্মকর্তা/কর্মচারী অবসরে যান অথবা অন্য কোন কারণে চাকুরীরত না থাকেন সে ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ বা চাকুরী হতে প্রস্থানের তারিখ বা পাসপোর্ট ইস্যুর তারিখের পরবর্তী ০৬ (ছয়) মাস এর মধ্যে যে তারিখ পরবর্তীতে ঘটবে, সে তারিখ পর্যন্ত সরকারী পাসপোর্টের মেয়াদ হবে। Post Retirement Leave (PRL) এর পূর্ণ মেয়াদে অর্থাৎ শুরু থেকে এক বছর পর্যন্ত অফিসিয়াল পাসপোর্ট প্রদান করা যাবে তবে কর্মকর্তা স্বেচ্ছায় উক্ত সময়ের মধ্যে তার অফিসিয়াল পাসপোর্ট পরিবর্তন করে সাধারণ পাসপোর্ট গ্রহণ করতে পারবেন।

ঘ) অনুচ্ছেদ 'ক' ও 'খ' তে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে পাসপোর্ট প্রদানের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না এবং এক্ষেত্রে সাধারণ ফি গ্রহণের মাধ্যমে জরুরী সেবা প্রদান করা হবে।

ঙ) সরকারী সফরে বেসরকারী ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত থাকলে তাঁদের অনুকূলে সরকারী আদেশের ভিত্তিতে (GO) সাধারণ ফি'তে জরুরী ভিত্তিতে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

চ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত/কর্মরত Non-Diplomatic কর্মকর্তা/কর্মচারী এবং তার পরিবারের সদস্যদের অনুকূলে বিনা ফি'তে অফিসিয়াল (Official) পাসপোর্ট প্রদান করা হবে। বিদেশস্থ মিশনে কর্মরত কর্মকর্তাগণের Domestic Aide-দের অনুকূলে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে অফিসিয়াল (Official) পাসপোর্ট ইস্যু করা হবে।

ছ) সরকারী আদেশ (GO) এবং অনাপত্তি সনদ (NOC) এর সঠিকতা যাচাইয়ের জন্য প্রত্যেক মন্ত্রণালয়ে একজন ফোকাল পয়েন্ট এবং একজন বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে তাদের নাম, পদবী, টেলিফোন নম্বর, মোবাইল ফোন নম্বর, ই-মেইল ঠিকানাসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, স্পেশাল ব্রাঞ্চ (এসবি) এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। জারীকৃত সরকারী আদেশ (GO) ও অনাপত্তি সনদ (NOC) ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিনস্থ দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হলো।

২৪.০৩.১৬
(মোঃ শামীম হোসেন)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, ... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ..মন্ত্রণালয়, ঢাকা।
০৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৭। মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৮। মহাপরিচালক, এনএসআই, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা।
১০। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, এমআরপি এন্ড এমআরভি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো) ঃ

০১। অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সংস্থা/দপ্তরসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।
০৩। যুগ্ম সচিব (বহিরাগমন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপ সচিব, প্রশাসন-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।